ভূতাত্ত্বিক সময় সরণি অনুযায়ী, ১১৭০০ বছর আগে পৃথিবীতে পত্তন হয়েছে হলোসিন যুগের। শেষ তুষারযুগের পর-পরই এই ভাগের উৎপত্তি ধরা হয়। কিন্তু অধুনা বিজ্ঞানীরা বলেন, হলোসিনের পরে এখন নতুন যুগের সূচনা ঘটেছে এই দুনিয়ায়, আর তার পোষাকি নাম, অ্যানথ্রোপসিন – অ্যানথ্রো অর্থে মানুষ আর সিন মানে নতুন। মনে করা হয় ১৯৪৫ সালের পর থেকেই এই যুগের আরম্ভ। কারণ ওই বছরেই মানুষ পরমাণু বোমা বিস্ফোরণ ঘটায় পৃথিবীর বুকে। তারপর ১৯৫০ সাল থেকে যেভাবে প্রযুক্তি আর ব্যবসার মেলবন্ধন হয়ে চলেছে, তাতে প্রকৃতির বিনাশ ঘটেছে অস্বাভাবিক দ্রুততায়। তার তাতেই সিঁদুরে মেঘ দেখছেন বৈজ্ঞানিক আর পরিবেশবিদদের একাংশ। তাঁরা বলছেন, সিক্সথ এক্সটিংশন বা ষষ্ঠ বিলুপ্তির পথে এগিয়ে চলেছে মানুষ এক পা এক পা করে।

ধরে নেওয়া যাক আমাদের দেহের কথা। এই দেহে বাস করছে প্রচুর ব্যাকটেরিয়া, ভাইরাসের দল। ক্রিমির মত পরজীবিও পাকস্থলী, ক্ষুদ্রাঙ্গে কিলবিল করে বেড়াচ্ছে প্রতিদিন, আমাদের অজান্তেই। কিন্তু তারা মানুষের দেহের সঙ্গে মিলেমিশে রয়েছে। কেউ কারুর ক্ষতি করছে না। কিন্তু যেদিন এদের মধ্যে কেউ শরীরকে কষ্ট দেবে, বা তার ক্ষতিসাধনের চেষ্টা করবে, সেই মুহূর্তেই রোগ প্রতিরোধ ক্ষমতা তাকে নিশ্চিহ্ন করে দেবে শরীর থেকে –অন্তত চেষ্টা করবে সেই ক্ষতিকারক পরজীবীকে দূর করার। আমাদের পৃথিবীও সেই একইভাবে কাজ করছে। যদি তাকে একটা জীবন্ত শরীর ধরে নিই, তাহলে এই সমগ্র উদ্ভিদ আর প্রাণীকূল সেই শরীরের অংশবিশেষ। তাদের মধ্যে কেউ যদি মূল শরীরকে নষ্ট করার চেষ্টা করে, তাহলে কি পৃথিবী ছেড়ে কথা বলবে?

পরিবেশবিদরা এসব বোঝেন, এবং জানেন যে এগুলো নেহাত তস্কথা নয়। মানুষের ভোগবাদী চরিত্র আর লোভের কোন শেষ নেই। তার পাল্লায় পড়ে বার বার বিপন্ন হয়েছে প্রকৃতি, তার বাস্তুতন্ত্র। আজ সেরকমই একটা ঘটনার কথা বলব যার সঙ্গে জড়িয়ে রয়েছেন শেহলা মাসুদ যাঁকে দিয়ে এই লেখার সূত্রপাত।

মধ্যপ্রদেশের ছতরপুর জেলার বক্সওয়াহা জঙ্গল। গভীর ঘনসন্নিবিষ্ট গাছে ছাওয়া প্রকৃতির এক নিবিড় চারণভূমি। পাশেই পাল্লা ব্যাঘ্র প্রকল্প এবং পাশ দিয়ে বয়ে যাওয়া কেন নদীতে ঘড়িয়াল প্রকল্প। গভীর অরন্যে প্রায় দশ হাজার আদিবাসীর বাসস্থান। সব মিলিয়ে এক চমৎকার বাস্তুতন্ত্র জড়িয়ে রয়েছে বুলন্দলখন্দের এই অংশটি। কিন্তু চিরদিন কাহারও সমান নাহি যায়। ২০০৪ সালে রিও টিন্টো নামে এক বিদেশি কোম্পানী জায়গাটির ভূমি পরীক্ষা করে জানায় যে এই জঙ্গলের



ঠিক তলাতেই বিশাল হীরের খনি রয়েছে। সেইমত তারা তৎকালীন মধ্যপ্রদেশ সরকারকে নিবেদন জানায় জঙ্গল উচ্ছেদ করে খনি বানানোর। চুক্তিও হয় ২০০৯ সাল নাগাদ, যে উত্তোলিত এবং বিক্রিত হীরের লভ্যাংশের ১০% নেবে রাজ্য সরকার আর ৯০% যাবে রিও টিন্টোর ঝুলিতে। সেইমত জমি জরিপ শুরুও হয় এবং প্রায় সাড়ে ন'শো হেক্টর জমি বরাদ্দ করা হয় এই খনন কার্যের জন্য। জায়গাটায় প্রচুর বাঁদর থাকায় প্রজেক্টের নাম ছিল “বান্দর ডায়মন্ড প্রজেক্ট”।

কিন্তু পরিবেশবিদরা চুপ করে রইবেন কেন? তাঁরা রে রে করে উঠলেন। আদালতে মামলা দাখিল হল। সরকার বোঝাতে চেষ্টা করল যে যত গাছ কাটা হবে তার দ্বিগুণ গাছ লাগানো হবে, খনি হলে রাজ্যের অর্থনৈতিক উন্নতি হবে, প্রচুর মানুষের চাকরি হবে ইত্যাদি প্রভৃতি। সাড়ে পাঁচ লক্ষ গাছ কেটে, প্রকৃতির বাস্তুতন্ত্রের বারোটা বাজিয়ে, বৃন্দেলখন্দের মত খরাপ্রবণ এলাকায় জলকষ্ট পাঁচগুণ করে, ব্যাঘ্রপ্রকল্প, ঘড়িয়াল প্রকল্পের ভুষ্টিনাশ করে, আদিবাসীদের উচ্ছেদ করে – কি পাওয়া যাবে? হীরে!! আমরা জানি কয়লা আর হীরে একই মৌল দিয়ে তৈরী – কার্বন। কয়লা তবু জ্বালানীর কাজে লাগে, কিন্তু হীরে? গয়না করে পরা ছাড়া তার ভ্যালু অতি নগণ্য। ওদিকে বিজ্ঞানের বদান্যতায় হীরে এখন রসায়নাগারেই তৈরী করা যায়। এই হীরে আর প্রকৃতির হীরের মধ্যে কোনো তফাতই নেই। বেশ কিছু নামী দামী কোম্পানি ঘোষণা করে দিয়েছে যে প্রাকৃতিক হীরে উত্তোলন বন্ধ করে তারা ল্যাবরেটরিতে তৈরী হীরেই বিক্রি করবে। কারণ হীরে উত্তোলন করে তাকে প্রসেসিং করতে প্রচুর জল লাগে। হিসেব করে দেখা গেছে, এইখানে যদি হীরের খনি হত তাহলে বছরে প্রায় ৫৯০ কোটি লিটার জল খরচ হত!! যেখানে মানুষ জলের জন্য এমনিতেই হাহাকার করছে, সেখানে কিনা মুষ্টিমেয় কয়েকটা ধনির দুলাল-দুলালীর শরীরে শোভা দেওয়ার জন্য হীরে উত্তোলন হবে? গর্জে উঠলেন পরিবেশবিদরা। তাঁদের পুরোধা ছিলেন শেহলা মাসুদ।

শেহলা এই ব্যাপারটা নিয়ে প্রচুর পিটিশন করেছিলেন। জায়গায় জায়গায় আর টি আই করা, হাইকোর্টে দৌড়ে বেড়ানো ইত্যাদি করে তিনি সরকারকে ব্যতিব্যস্ত করে তুলেছিলেন। ফলও হয়েছিল তাতে। আদালত সরকারকে এরকম একটা অদ্ভুত প্রকল্পে সম্মতি দেবার কারণ দর্শাতে বলে। আর মনে করা হয়, এই কারণেই সরকার এবং ওই বিদেশি কোম্পানির বিরাগভাজন হয়ে পড়েছিলেন শেহলা। তার তার পরিণতিতেই হয়ত এই মর্মান্তিক মৃত্যু।

কিন্তু শেহলার কন্ঠ চিরদিনের মত থামিয়ে দিলেও জনমত পরিবেশবিদদের পক্ষেই গেল। তাঁর মৃত্যুর পর আন্দোলন আরও বড় আকার নিল। ২০১৬ সালে ফরেস্ট এ্যডভাইজারী কমিটি ঘোষণা



করে এই অঞ্চলে হিরে উত্তোলন করা যাবে না, তারা যুক্তি দেন যে পাশাপাশি দুই জঙ্গলের করিডর এটি। ফলে এক জঙ্গলে থেকে অন্য জঙলে প্রবেশ করার জন্য বন্যপ্রাণীদের এটি সবচেয়ে বড় রাস্তা। ন্যাশনাল টাইগার কনসারভেশন অর্থনীতি ও একই রিপোর্ট দেয়।

আন্দোলনের চাপে পড়ে মধ্যপ্রদেশ সরকার পিছিয়ে আসে আর রিও টিন্টো ২০১৭ সালে রণে ভঙ্গ দিয়ে ভারত থেকে পাততাড়ি গোটায় – আর তখনকার মত “বাঁচিল গবু, রক্ষা পেল ধরা”।

২০১৮ সালে মধ্যপ্রদেশে ক্ষমতার হাতবদল হল। শিবরাজ চৌহানের সরকার পড়ে গিয়ে মুখ্যমন্ত্রীর আসনে বসলেন কংগ্রেসের কমলনাথ। তিনি এসেই অনুভব করলেন এমন একটা খাসা প্রজেক্ট এভাবে নষ্ট হবে কেন? ধুলো ঝেড়ে ফাইলপত্র বের করলেন তিনি। আগের বার সাড়ে ন’শো হেক্টর জমির বদলে তিনি মাত্র সাড়ে তিনশো হেক্টর জমি বরাদ্দ করলেন হিরে উত্তোলন করার জন্য। সেইমত দরপত্র ডাকা হল। বড় বড় দেশি বিদেশি কোম্পানী দরপত্র জমা করল এবং আদিত্য বিড়লা গ্রুপ এই কাজের বরাত পেল। কমলনাথের সরকার হিসেব করে দেখল যে মাত্র আড়াই হাজার কোটি টাকার প্রজেক্টে লাভ প্রায় পঞ্চাশ হাজার কোটি টাকা। এই লভ্যাংশের ৫৮% পাবে আদিত্য বিড়লা গ্রুপ আর ৪২% নেবে মধ্যপ্রদেশ সরকার। তারওপর গাছ লাগানো, অর্থনৈতিক উন্নতি, চাকরি দেবার প্রতিশ্রুতির মত পুরোনো রেকর্ড তো আছেই!!

এবার? এবার কি? কি হবে বন্ধওয়া জঙ্গলের?

১৯৭৩ সালে সুন্দরলাল বহুগুণা নামে এক ক্ষণজন্মা পরিবেশবিদ এক অদ্ভুত আন্দোলন শুরু করেছিলেন। গাছ যেন না কাটতে পারে, তাই উদ্যত কুঠারের সামনে তিনি গাছটিকে জড়িয়ে ধরেন। নিজেকে দিয়ে যেন রক্ষা করতে চান এই প্রতিবেশিকে। তাঁর এই আন্দোলন “চিপকো আন্দোলন” নামে খ্যাত। আজও প্রচুর মানুষ এইভাবেই সরাসরি গাছ বাঁচাতে এগিয়ে আসছেন আগ্রাসী কর্পোরেটদের হাত থেকে। ২০১৯ সালে আদিত্য বিড়লা গ্রুপ এই কাজে বরাত পেলেও সম্মিলিত প্রতিরোধে এখনও প্রজেক্টের কাজ শুরু হতে পারেনি। এই “মাত্র” সাড়ে তিনশো হেক্টর জমিতে খনন চালাতে গেলে উচ্ছেদ করতে হবে প্রায় দু’লাখ উদ্ভিদ। আর উত্তোলন হিরের টাকা নিয়ে সরকার আর কর্পোরেট নিজের পকেট ভরবে আর সাধারণ মানুষের হাতে চিরকালের মত থাকবে পেনসিল!

পরিবেশ নিয়ে এত বড় বড় সম্মেলনে অংশগ্রহণ করা ভারতের রাজনীতিবিদরা শুধু তত্বকথার টেকুর তুলে বিদেশে রাজা উজির মেরে আসেন ঠিকই, দেশে তাঁদের অবস্থা অর্থলোলুপ ব্যবসায়ীদের



থেকে কিছুমাত্র উন্নত নয়। বিদেশে যখন মানুষ পরিবেশ সচেতনতা নিয়ে সিরিয়াস কাজ করছেন, ক্যাম্পেন করছেন, গ্রেটা থুনবার্গের মত কিশোরি এগিয়ে এসে পরিবেশের আসন্ন বিপদ নিয়ে প্রশ্ন রাখছেন বিশ্বের তাবড় রাষ্ট্রনায়কদের সামনে, তখন ভারতে পরিবেশকে হত্যা করার ব্যবস্থা পাকা করছেন একদল ক্ষমতা ও অর্থলোভী মানুষ। পরিবেশবিদরা বলেছেন, যেভাবে চলছে মানুষ তাতে বেশিদিন নয়, মাত্র বছর দশেকের ভেতরেই পৃথিবীর তাপমাত্রা প্রায় দেড় ডিগ্রীর কাছাকাছি বৃদ্ধি পাবে!

ডায়নোসরাসরা পৃথিবীতে টিকেছিল প্রায় সাড়ে ছ'কোটি বছর! মানুষের ইতিহাস তো মাত্র দু'লক্ষ বছরের কিছু বেশি। তার মধ্যে বিজ্ঞানের ইতিহাস মেরেকেটে পাঁচশ বছর। এরই মধ্য মানুষের তাড়বে প্রকৃতিতে গ্রাহি গ্রাহি রব! সচেতনতা অভাবে প্রকৃতির রহস্য জানবার আগেই না মানুষ নামের দুপয়ে জীবটা এই ধরণী থেকে নিশ্চিহ্ন হয়ে যায়।

ষষ্ঠ বিলুপ্তির পথে – মন্দবুদ্ধি, আত্মঘাতী এক প্রাণী হিসাবে!

GLOBAL ENVIRONMENT CHANGE AND HUMAN SECURITY

--PALLOBI KHAN

Student of 2nd Semester,

Department of Geography,

Hiralal Mazumdar Memorial College For Women

Introduction

In the United Nations Development Programme's 2002 Human Development Report, it is stated that country-by-country assessments of commitments to key environmental issues are necessary in order to "ensure that people's enjoyment of the Earth is not at the expense of others - today or in the future"

(UNDP, 2002). Such seemingly innocuous statements are common in environment and development literature, putting forth a notion that the word "people" may be employed neutrally. This is not the case. Men and women today, will most likely in the future, experience the "enjoyment of the Earth"

quite differently. Data from many countries has shown there to be a difference between men and women in the capacities in which they come into contact with the environment and how they respond to environmental change. In most cases, gender analysis has been excluded from global environmental change studies, representing a major gap in its enquiries of human security thus far. Women and their children constitute 80% of the world's refugees (including 'environmental refugees' of flooding, droughts, and other environmental hardships), they are trafficked in a global trade of prostitution, they are the main targets of population reduction programmes, and they bear the burden of a double workload in the form of paid and unpaid work (Jaggar, 2000). Women are often the least likely to obtain economic resources in the household and are the most likely to manage the sustenance and health of their entire family, the sick and elderly, and the community at large (Harding, 2000). The consistently marginalized position of women in the South implies that gender relations should be central to any discussion about human security and global environmental change (GEC).



Much of this social science research was carried out under the auspices of the IHDP, which aimed to promote, coordinate, and catalyze research on the human dimensions of global environmental change, and work at the interface between science, policy, and practice. As one of the core science projects of IHDP between 1999 and 2010, the objective of the GECHS project was to develop integrated research on global environmental change and human security.

Some Necessary Concepts

It is difficult to speak of a gender analysis of GEC and human security without briefly describing the concept of gender and how its use differs from the study of women in general. While the meanings of these concepts are still debated, there is some consensus as to how they are currently understood and used. Sex is the biological difference between men and women, while gender describes the "socially given attributes, roles, activities, and responsibilities connected to being a male or a female in a given society" (March et al., 1999). The concept of 'gender relations' is used to describe the social relationship between men and women and places importance on how power is distributed between the sexes in a given society. Thus a 'gender analysis' looks critically at the relationships between men and women in society and asks some basic questions: Who does what? Who has what? Who decides and

how? Who is affected by what changes? Who gains? Who loses? There is significant variation in the nature of gender relations in different communities based on a variety of factors, including on the global scale where gender relations vary according to country and region.

Episodic Environmental Change and Vulnerability

While women in the South deal with many of the daily aspects of environmental change, including the consequences of degraded resources that are depended upon for daily provision of food, water, and fuel (including forest and water resources), they face the brunt of sudden, episodic changes as well.

Expanding Human Security: Gender and Health

A human security framework, coupled with a gender analysis, offers a useful means for understanding the wide-ranging effects of environmental change. Only recently conceptualized as an issue of human security, human health and its relation to environmental conditions have great impacts on the



community's well-being and capacity to cope with other pressures. These additional pressures include natural resource degradation or other human induced changes in a community's social, economic, and environmental structures.

To illustrate this point, we can look to recent studies in the rural district of Migori of the province of Nyanza, Kenya (Oduor-Noah & Thomas-Slayter, 1995). Historically, Migori is one of Kenya's poorest districts. In the South Kamwango Sublocation of Migori, one of the community's most significant issues is the presence of acute health problems rooted in the area's environmental conditions. Two related problems have been shown to make up the majority of health problems: decreasing water quality, and poor sanitation. Obeng, an expert on African freshwater ecosystems, has stated, "the incidence of diarrhoeal and other diseases is greatly increased by the use of contaminated water for drinking and bathing, together with insufficient education on environmental sanitation and hygiene" (Oduor-Noah & Thomas-Slayter, 1995). Kenya's National Health Sector Strategic Plan has identified

the need for safe water and improved sanitation in rural areas (a target of a 30% increase in the provision of such services in rural areas by 2004 has been set), however the Ministry of Health has claimed that progress on implementation of the plan has been slow (KMOH, 2002).

REFERENCES :

1. Agerwal, B. (1999). Gender and environmental action . In J.K. Conway, K. Keniston, and L. Marx (Eds) , Earth, air , fire , water: Humanistic studies of the environment (pp. 206 - 252). Amherst: University of Massachusetts press.
2. Agarwal, B .(1997) . The gender and environment debate: Lessons from India. In N. Visvanathan , L. Duggan, L. Nisonoff, and N. Wiegiersma (Eds.), The women, gender and development reader (pp.68-75). London: Zed Books.
3. Harthmann, B. (1997). Women, population, and the environment. Whose consensus? Whose empowerment? In N. Visvanathan, L. Duggan , L. Nisonoff, and N. Wiegiersma (Eds.), The women, gender and development reader (pp. 293-320). London : Zed Books.
4. Kenya Ministry of Health (KMOH). National health sector strategic plan . www.ministryofhealth.go.ke.



কলকাতার দূষণ ও মানব স্বাস্থ্য

--সোনালী কর

স্টেট এডেড কলেজ টিচার

ভূগোল বিভাগ

হীরালাল মজুমদার মেমোরিয়াল কলেজ ফর উইমেন

পরিবেশে ভৌত, রাসায়নিক ও জৈবিক বৈশিষ্ট্যের যে অব্যাহিত পরিবর্তনের ফলে জীবের জীবনধারণের পর্যায়গুলি ক্ষতিগ্রস্ত হয়, তাকেই দূষণ বলে। অর্থাৎ সাধারণভাবে আমরা বলতে পারি যে কারণে প্রকৃতির মধ্যে কোনো অব্যাহিত পদার্থ মেশে বা তৈরি হয়, যা জীবজগৎ ও জীববৈচিত্র্যকে প্রভাবিত করতে পারে এবং যার ফলাফল বা কুপ্রভাব দীর্ঘস্থায়ী তাকেই আমরা দূষণ বলতে পারি।

প্রকৃতিতে বিভিন্ন প্রকারের দূষণ দেখা যায়। যথা – জলদূষণ, বায়ুদূষণ, মাটিদূষণ, শব্দদূষণ।

সমগ্র বিশ্বে দূষণ ও তার কুপ্রভাব নিয়ে বিশ্বের আলোচনা চলছে। বিশ্বব্যাপী যে দূষণ সৃষ্টি হয়েছে যার ফলস্বরূপ জলবায়ু পরিবর্তন এখন সবচেয়ে উদ্বেগজনক ঘটনা। মানব সভ্যতার অগ্রগতির সাথে সাথে উন্নত ও উন্নয়নশীল দেশগুলির মাত্রাতিরিক্ত প্রযুক্তির ব্যবহার ও ভূ – গর্ভস্থ সম্পদের আবাধ ব্যবহার মানব সভ্যতাকে নিয়ে চলেছে মৃত্যুর কিনারে। প্রাকৃতিক সম্পদের আবাধ ও অযথা ব্যবহার পৃথিবীকে ধ্বংসের দিকে এগিয়ে দিয়েছে। নগরায়ণ, শিল্পায়ন এর প্রভাবে বনাঞ্চলের পরিমাণ দিন দিন হ্রাস পাচ্ছে। ফলে বিশ্ব উষ্ণায়ণ (Global Warming) উত্তরোত্তর বৃদ্ধি পেয়ে চলেছে।

কেউ বলছেন কলকাতা এক দিন তিলোত্তমা হবে, কেউ বলছেন লন্ডন হবে, হয়তো বা হয়ে গিয়েছে শহর কলকাতা তার কাব্যিক বিশ্লেষণে, কিন্তু বাস্তবে কি দেখছি, বুঝছি কলকাতা বায়ু দূষণ, শব্দ দূষণ, বর্জ্য পদার্থ উদ্ভূত দূষণে জেরবার হয়ে যাচ্ছে। অনেক সময় জনজীবন বিপর্যস্ত হয়ে পড়ছে। দূষণ থেকে সুরাহা পাওয়ার জন্য বিভিন্ন কমিটি, বিভিন্ন প্রোগ্রাম নেওয়া হচ্ছে।



কিন্তু পরিস্থিতি ক্রমশই ঘোরালো হয়ে উঠছে, কলকাতা কলকাতাতেই আছে, আইন না মানাটা একটা বিধি হয়ে উঠেছে। এর সাথে যুক্ত থাকছে জন বিস্ফোরণ। মানুষজন বেলাগাম জীবনযাত্রায় অভ্যস্ত হয়ে পড়ছে, সামাজিক দায়িত্ববোধ অনীহা, অসহনীয় পরিবেশের মধ্যে দিন অতিবাহিত করতে হচ্ছে।

সময়ের সাথে কলকাতার ঘনত্ব ক্রম বর্ধমান জনগণনার সমীক্ষায় কলকাতার জনসংখ্যা ছিল 4,5 মিলিয়ন (2011) এবং বর্তমানে 4,8 মিলিয়ন বৃহত্তর কলকাতার জনসংখ্যা ছিল 14,2 মিলিয়ন (2011) এবং বর্তমানে 15,05 মিলিয়ন জনঘনত্ব প্রতি বর্গকিলোমিটারে গত 80 ফোল্ড হিসেবে বাড়ছে।

আলোচনা করা যাক বায়ু দূষণ নিয়ে। আমরা খাদ্য না পেলে কিছুদিন বাঁচতে পারি, জল না পেলে কয়েকদিন বাঁচতে পারি, আবার বিশুদ্ধ বায়ু না পেলে কয়েক মুহূর্তের মধ্যে আমাদের মৃত্যু ঘটবে তাই পৃথিবীর বায়ু, মাটি, জল সঠিকভাবে সংরক্ষিত না হলে ভবিষ্যতে প্রাণের পরিবেশে ভীষণ সংকট নেমে আসবে কারণ সেই বাতাসে অক্সিজেন কমছে বায়ু দূষণের কারণে। আগে ছিল জ্বালানি হিসেবে ব্যবহৃত কাঠকয়লা, গোবর, কাঠ ইত্যাদি থেকে উদ্ভূত ধোঁয়া, জনস্বাস্থ্যের উপর যার ক্ষতিকারক প্রভাব অনিবার্য কলকাতার দূষণের কারণগুলির অন্যতম কারণগুলি হচ্ছে কলকাতা ও কলকাতার আশ-পাশের ছোট, বড় শিল্প কারখানার চিমনি থেকে কালো ধোঁয়ার নির্গমন, ডিজেল চালিত এবং 15 বছরের পুরোনো গাড়ীর ধোঁয়া, ছাই নানা ধরনের রাসায়নিক সঠিক পদ্ধতিতে শোধন না করে পরিবেশে ছাড়ার ফলে মারাত্মক দূষণ করে যাচ্ছে, নির্মাণ কাজের কারণে সৃষ্ট দূষণ, বস্তি, হোটেল ও দোকানে কয়লা ও কাঠ, যেখানে সেখানে টায়ার জাতীয় জঞ্জাল পোড়ানোর ফলে দূষণের সৃষ্টি হয়ে থাকে কলকাতায় পুরোনো গাড়ী এবং অন্য উত্স থেকে ভাসমান ধূলিকণা এবং নাইট্রোজেন সালফার যৌগ বাতাসে ছড়ায়। এ ছাড়াও কলকাতায় বড় বড় জলাশয়গুলি ভরাট হয়ে যাচ্ছে নগরায়নের নামে, এর ফলে ভাসমান ধূলিকণা যা জলের ওপরে পড়ে থিতুয়ে যেতে পারতো তা হচ্ছে না।

বায়ুদূষণের ফলে অ্যাজমা, অ্যাকিউট রেসপিরেটরি প্রবলেম, হার্টের সমস্যা, সর্দিকাশি, হাঁপানি, ফুসফুসের রোগ, ব্রঙ্কাইটিস ও শ্বাসকষ্টে ভুগতে থাকেন মানুষ, শিশু, দুর্বল, অশক্ত বৃদ্ধ-বৃদ্ধা, প্রসূতি ও নবজাতকরাই সবচেয়ে বেশি। মূলত শীতকালেই এর প্রভাব বেশি হয়ে থাকে। বাড়ে শ্বাসজনিত এলার্জি। ভিক্টোরিয়ার মতো হেরিটেজ বিল্ডিংগুলো বিবর্ণ হয়ে উঠছে দূষণের প্রকোপে।




বিষাক্ত শহরের চারে কলকাতা

বিশ্বে দূষিত শহরের তালিকায় প্রথম দশের মধ্যে রয়েছে কলকাতাও। সুইজারল্যান্ডের পরিবেশ সংগঠন আইকিউ এয়ার যে তালিকা দিয়েছে তাতে পৃথিবীর বায়ুদূষণে কলকাতার স্থান চতুর্থ। এই সংগঠনটি রাষ্ট্রসঙ্ঘের পরিবেশ কর্মসূচির প্রায়ুক্তিক সহযোগী। বাতাসে দূষণের পরিমাপ মেপে তারা দেখিয়েছে, প্রথম ১০ বিষাক্ত বাতাসের শহরে আছে দিল্লি, মুম্বই, কলকাতা।

এয়ার কোয়ালিটি ইনডেক্স (AQI) দিয়ে বাতাসে দূষণের পরিমাপ করা হয়। ভূমি স্তরের ওজোন, পার্টিকুলেট ম্যাটার, কার্বন মনোক্সাইড, সালফার ডাইঅক্সাইড, নাইট্রোজেন ডাইঅক্সাইডের পরিমাণ মেপে এই সূচক তৈরি হয়। যত তার পরিমাণ বেশি হবে, তত খারাপ এবং অস্বাস্থ্যকর হবে

পরিবেশ। আইকিউ এয়ারের তালিকায় সবচেয়ে খারাপ 10 শহরের শীর্ষেই আছে দিল্লি (AQI 556)। দ্বিতীয় পাকিস্তানের লাহোর, তৃতীয় বুলগেরিয়ার সোফিয়া, চতুর্থ কলকাতা (AQI 177)। পঞ্চম স্থানে রয়েছে ক্রোয়েশিয়ার জাগরেব, ষষ্ঠ মুম্বই (AQI 169)। সপ্তম স্থানে রয়েছে সার্বিয়ার

PM2.5 Pollution in Major Indian Cities: 2015-2018



Data: US Embassy and Consulates

Analysis: Smart Air smartairfilters.com

বেলগ্রেড, অষ্টমে চিনের চেংদু, নবমে উত্তর ম্যাসিডোনিয়ার স্কোপজে, দশম পোল্যান্ডের ক্র্যাকো।

(Source :Google)



শব্দদূষণও যে বিপদসীমা ছাড়িয়ে গিয়েছে, তা জানা গেছে রাষ্ট্রসঙ্ঘের পরিবেশ সংক্রান্ত সাম্প্রতিক রিপোর্টে। ‘অ্যানুয়াল ফ্রন্টিয়ার রিপোর্ট-2022 অনুযায়ী কলকাতা সহ ভারতের পাঁচটি শহরে শব্দমাত্রা সহনসীমা ছাড়িয়ে অনেকটাই বেশি রয়েছে।

উত্তরপ্রদেশের মোরাদাবাদ – 114 ডেসিবেল যা দেশের মধ্যে সবচেয়ে বেশি শব্দদূষণ কবলিত। যা বিশ্বে দ্বিতীয়।

মোরাদাবাদ ছাড়াও দেশের আরও 4 টি শহরের শব্দমাত্রা উদ্বেগজনক বলে জানাচ্ছে ওই রিপোর্ট। সেগুলি হল দিল্লি (83 ডেসিবেল), জয়পুর (84 ডেসিবেল), কলকাতা ও আসানসোল (89 ডেসিবেল)।

এই দূষণ মানুষের বেঁচে থাকা, কাজকর্ম সবেতেই নেতিবাচক প্রভাব ফেলছে। পাশাপাশি সমস্যায় পড়ছে বৃহত্তর প্রাণিজগত।

কলকাতার গাড়ি চালকরা নিজেরাই হর্ণ বাজাতে পছন্দ করেন। 2009 সালের পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ বোর্ডের সমীক্ষা অনুযায়ী এখন প্রতি 3 সেকেন্ডে একবার হর্ণ বাজে। সারা বিশ্বে যেখানে হর্ণের গড় শব্দমাত্রা 110 ডেসিবেল সেখানে ভারতের শহরগুলোতে তা 130 ডেসিবেল অতিক্রান্ত। কলকাতার যানজটে শব্দের মাত্রা 87 ডেসিবেলের বেশি যা নিয়ন্ত্রণবিধির নির্দিষ্ট মাত্রার অনেক বেশি। শব্দের মাত্রা 80 অতিক্রম করলেই তা আমাদের স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর যা একজন মানুষকে স্থায়ীভাবে বধির করে দিতে পারে। তাই কলকাতার রাস্তাঘাটে যাদের লাগাতার হর্ণের শব্দ শুনতে বাধ্য হন যেমন পুলিশ, ট্যাক্সিচালক, দোকানদার তারা নিশ্চিত বধিরতার শিকার হতে পারেন। বধিরতা প্রাণঘাতী নয় বলে তাকে গুরুত্ব কম দিলেও বধির মানুষ কাজের ক্ষেত্রে দুর্বল বলে প্রতিপন্ন হয় এবং কাজের উদ্যম হারায় এমনকী তারা সামাজিক ভাবেও নিজেদের দূরে সরিয়ে নেয়। শব্দদূষণ নিয়ন্ত্রণের জন্য সংবিধানের চতুর্থ পরিচ্ছেদের ২৬৮ থেকে ২৯৫ ধারা শব্দদূষণের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের কথা বলা হয়েছে। ২০০০ সালের শব্দদূষণ নিয়ন্ত্রণবিধি অনুসারে চার ধরনের এলাকা চিহ্নিত করা গিয়েছিল শিল্পাঞ্চল, বাণিজ্যিক অঞ্চল, মানুষের বসবাসের এলাকা ও হাসপাতাল, শিক্ষাপ্রতিষ্ঠান ও আদালতগুলির একশো মিটারের মধ্যে একটি পূর্ণ নৈঃশব্দ্যের এলাকা। গ্রহণীয় মাত্রা হিসেবে স্থির হয় সর্বোচ্চ 75 ডেসিবেল (দিনের বেলায় শিল্পাঞ্চলে) থেকে সর্বনিম্ন 40 ডেসিবেল (হাসপাতাল ইত্যাদি অঞ্চলে, রাত্রে)। সেই অনুসারে শব্দবিধি রচিত হয় ও রাজ্য



সরকারগুলির উপর তা প্রয়োগ করার দায়িত্ব দেওয়া হয়। সমস্যা হল, এই সব নিয়ম পালন করা প্রায় অসম্ভব। গড় শব্দমাত্রা নির্ধারণ করা বা এলাকাগুলিকে আলাদা করে নির্দিষ্ট করা বাস্তবে কঠিন। কোনও গাড়িচালকের পক্ষে জানাও সম্ভব নয় কোন এলাকায় বৈধ মাত্রা কী। তা ছাড়া, নির্দিষ্ট করা মাত্রাগুলির পিছনে যুক্তিই বা কী, তাই নিয়ে প্রশ্ন ছিল। শব্দদূষণ সবাইকেই পীড়িত করে, শুধু অসুস্থ মানুষ, ছাত্রছাত্রী বা বিচারকদের নয়। বস্তুত সবচেয়ে বেশি সুরক্ষার প্রয়োজন তাঁদের, যাঁরা অনেকটা সময় রাস্তায় কাটাতে বাধ্য হন। এই শব্দবিধিতে সব ধরনের আওয়াজ সম্বন্ধে বলা হয়েছিল, যদিও কার্যকর করতে গেলে বিভিন্ন রকম আওয়াজের জন্য আলাদা আলাদা ব্যবস্থার প্রয়োজন আছে। গাড়ির হর্ন থেকেই প্রায় 70 শতাংশ দূষণের উদ্ভব, কিন্তু তার জন্য আলাদা করে প্রায় কিছুই বলা হয়নি। কলকাতায় সরকারি হাসপাতালের আশেপাশে হর্ন নিষিদ্ধকরণের বোর্ড ঝোলানো হয় এবং সময় সময় এন জি ও-গুলিকে প্রচারের কাজে ব্যবহার করা হয়। কিন্তু সমীক্ষা থেকে প্রমাণিত, গাড়িচালকরা এই ধরনের বোর্ড খেয়ালই করেন না। এক দিনের প্রচার সাধারণ মানুষের মনে যে বিশেষ ছাপ ফেলে না, তাও বোঝা গিয়েছে।

কলকাতা পুরসংস্থা যে পরিশোধিত জল সরবরাহ করে থাকে তাতে ব্যাকটেরিয়ার উপস্থিতি কিছু কিছু জায়গায় কিছু কিছু সময়ে থাকলেও রাসায়নিক পদার্থের পরিমাণ নির্ধারিত মাত্রার অনেক কম। কারণ পুরসংস্থা শোধন প্রণালীতে নির্ধারিত মাত্রায় ফটকিরি (Alum) ব্যবহার করে জলের দ্রবীভূত ও ভাসমান পদার্থকে অধঃপতিত করে পাতন প্রক্রিয়া (Filtration) মাধ্যমে পরিশ্রুত করেও গ্যাসীয় ক্লোরিন (Chlorine gas) ব্যবহার করে জীবাণুমুক্ত করে। এইসব ব্যবস্থাপনা করতে পুরসংস্থার খরচ হয় 3.50 টাকা থেকে 4 টাকা প্রতি এক হাজার লিটার জল উত্পাদনের জন্য। এবং তা সরবরাহ করার জন্য প্রায় একই পরিমাণ খরচা হয়ে থাকে অর্থাৎ সব মিলিয়ে প্রতি হাজার লিটার জলের জন্য খরচা হয় 7 থেকে 8 টাকা।

জল যেভাবে অপচয় হয় এবং জলকে যেভাবে ব্যবহার করা হয় সেই জলকে বাঁচাবার জন্য, নিয়ন্ত্রিত ব্যবহার করার প্রয়োজন আছে। আরও প্রয়োজন আছে প্রতিটি নলের আগে মিটার লাগানো ও সূর্যভাবে জল ব্যবহার করার জন্য জল কন্ট্রোল প্রয়োজন আছে। নতুবা জল অপচয়, জলকে সঠিকভাবে পেয় জলে পরিণত করার ব্যবস্থাপনা এক দিন না এক দিন ভেঙে পড়বে আর আমরা সকলে হয়ে পড়ব জলের ব্যবসায়ীদের কাছে পুতুল মাত্র। এই ব্যবস্থাতেও দেখা যাচ্ছে অনেকের



আপত্তি আছে, অথচ কর্পোরেট সংস্থার ব্যবসায়িক বিজ্ঞাপনের মোহে পড়ে আমরা প্রতি লিটার জল 12 থেকে 15 টাকায় কিনছি, পান করছি, না জেনে যে এই জল প্রকৃতপক্ষে পেয় জল নাকি পেয় জল নয়। কারণ জলের কারবারি এইসব ব্যবসায়ী সংস্থাগুলো অনেক সময় সঠিকভাবে নিজস্ব জলের উৎসকে ভালভাবে পরিশুদ্ধ না করে, কলকাতা পুরসংস্থার জলই ব্যবহার করে বোতলের মাধ্যমে বিক্রি করে মানুষজনকে বোকা বানাচ্ছে দিনের পর দিন। সঠিকভাবে কোনও রকম পরীক্ষা নিরীক্ষা করা হয় না, কোনো রকমের সরকারি নিয়ন্ত্রণ নেই কিন্তু ব্যবসা রমরমিয়ে করে যাচ্ছে। এমন একটা দিন আমাদের সামনে আসছে, এই সব কর্পোরেট সংস্থা (দেশি ও বিদেশি) দেশি দালালদের সহায়তায় জলের বাজার বাড়াতে বাড়াতে একদিন দেশের নদী, জলাশয়, ভূগর্ভস্থ জলের ওপর আধিপত্য বিস্তার করে বসবে আর আমরা হয়ে পড়ব তাদের হাতের পুতুল, তারাই চালনা করবে সমগ্র পরিস্থিতি।

এত গেল শুধুমাত্র কলকাতার জলচিত্র। জল ছাড়াও কলকাতার পরিবেশ সম্পর্কে আরও কিছু জানা দরকার। যেমন যে জল আমরা ব্যবহার করলাম তা থেকে যে নোংরা জল উৎপাদিত হয় সেই নোংরা জলের কিন্তু কোনোরকম সঠিক ব্যবস্থাপনা কলকাতা পুরসংস্থা এখনো পর্যন্ত করে উঠতে পারেনি। ফলত নোংরা জলের একটা বেশ বিশাল একটা অংশ বিভিন্ন নর্মা, নালার মধ্য দিয়ে অপরিশোধিত অবস্থায় গঙ্গার জলে গিয়ে মিশেছে আর মিশে গিয়ে গঙ্গার জলকে করে তুলছে দূষিত, কোথাও কোথাও আংশিক পিউরেজ পদ্ধতি ও আংশিক বিশুদ্ধকরণের মাধ্যমে কলকাতার নোংরা জল পরিশোধিত হয়ে থাকে বটে কিন্তু বাকি অংশটা বিভিন্ন পাম্পিং স্টেশনের মাধ্যমে Storm Weather Flow (SWF), Dry Weather Flow (DWF) খালের মধ্য দিয়ে নোংরা জলকে উগরে দেয়। এই খালটার নাম পচাখাল হিসেবে পরিচিত। বহুমান এই নোংরা জলকে অবৈজ্ঞানিক ভাবে ও অনিয়ন্ত্রিত ভাবে চাষবাসের কাজে ও মাছ চাষ উৎপাদনে লাগানো হয়ে থাকে। কলকাতা পুরসংস্থার তহাবধানে মাত্র তিনটি নোংরা জল পরিশোধন কেন্দ্র (STP) বর্তমানে অনিয়মিত ভাবে চলেছে। যেমন গার্ডেনরিচে (47.5 MLD) একটি ও দ্বিতীয়টি সাউথ সুর্বাণে (30 MLD) আর তৃতীয়টি হল কাশীপুরে (45 MLD)।

নোংরা জল পরিশোধন কেন্দ্রগুলি (STP) সঠিকভাবে চালানোর জন্য যে-ধরনের ব্যবস্থাপনা (Infrastructure) ও অভিজ্ঞ মানুষের দরকার পড়ে তাদের অনুপস্থিতির কারণে কেন্দ্রগুলি ঠিকমতো চালানো সম্ভব হচ্ছে না, ফলত নোংরা জলের পরিশুদ্ধতা নির্ধারিত মাত্রার অনেক ওপরে থাকছে এবং আংশিক পরিশোধিত জলও গঙ্গার জলের সাথে মিশে গিয়ে গঙ্গার জলকে একেবারে পানের



অযোগ্য

করে

তুলছে।

এর সাথে সোনায়ে সোহাগার মত যুক্ত হয়েছে কঠিন বর্জ্য পদার্থ। কলকাতা অঞ্চলে গড় প্রতি - প্রতি জনে প্রতি দিনে 500 থেকে 600 গ্রাম কঠিন বর্জ্য পদার্থ উৎপাদিত হয়, তার মানে পরিমাণগত ভাবে প্রতি দিন 3000 থেকে 3500 টন। আবার এর সাথে যুক্ত হয়েছে হাসপাতাল, অগুনতি নার্সিংহোম থেকে উৎপাদিত বায়োমেডিক্যাল ওয়েস্ট (Biomedical), বাজার বা হাট (market place) থেকে উৎপাদিত জঞ্জাল আবর্জনা। যদিও পরীক্ষার মাধ্যমে জানা গেছে যে কলকাতা থেকে উৎপাদিত যে সমস্ত বর্জ্য পদার্থ তার মধ্যে গড়ে 50 শতাংশ জৈব, 20 থেকে 30 শতাংশ মাটি ও অজৈব আর বাদবাকি কাগজ, প্লাস্টিক, চামড়া, কাঁচভাঙা ইত্যাদি ইত্যাদি। এই সমস্ত বাদ দিয়েও রয়েছে কলকাতা পুরসংস্থা পরিচালিত 24টি বোরো হেলথ ক্লিনিক এবং 5টি ম্যাটারনিটি, 1টি টিবি হাসপাতাল ও 41 টি ম্যালেরিয়া ক্লিনিক আর 50 টি হেলথকেয়ার ইউনিট (সহায়তায় পরিচালিত) এ ছাড়াও সরকারি ও বেসরকারি হাসপাতাল ও নার্সিং হোম থেকে প্রতিদিন প্রতি বেডে মোটামুটি ভাবে 1 থেকে 1.4 কেজি (1-1.5kg) বায়োমেডিক্যাল ওয়েস্ট উৎপাদিত হয়ে চলেছে।

আবর্জনা সংগ্রহ করে শহরের বর্জ্য পদার্থের 15 শতাংশ সংগ্রহ করে বিক্রি করে দেয় পুনঃ ব্যবহারের জন্য। এইসব অসংগঠিত মানুষজনেরা এক অস্বাস্থ্যকর পরিবেশের মধ্যে বসবাস করে থাকেন বা বলা যায় করতে বাধ্য হন এক ভয়ংকর অর্থনৈতিক অব্যবস্থার মধ্যে। তবুও এ কথাটা বলাই যায় যে এনারাই পুরসংস্থাকে জঞ্জালের ভার থেকে খানিকটা হলেও মুক্ত করে থাকেন। বাকি 65 শতাংশ সরকারি ও বেসরকারি গাড়ির মাধ্যমে ধাপাতে নিয়ে গিয়ে কোনোরকম বৈজ্ঞানিক পদ্ধতি ব্যবহার না করে, কার্যত কোনরকম তোয়াক্কা না করে খোলা আবর্জনার স্তুপে ফেলা হয়। বাকি 10 শতাংশ জঞ্জাল যত্রতত্র রাস্তায় পড়ে থাকে, যদিও বাড়ি বাড়ি গিয়ে জঞ্জাল সংগ্রহ করার পদ্ধতি বর্তমান তা-ও ঠিকমতো কাজ হয় না।

এখানে একটা কথা বলে রাখতে হয় যে, কলকাতা পুরসংস্থা একটি বেসরকারি সংস্থার তত্ত্বাবধানে ধাপাতে একটি সার তৈরির কারখানা করেছে, যেখানে প্রতিদিন 700 টন জৈব সার তৈরির ব্যবস্থাপনা আছে, কিন্তু দুঃখের কথা তা-ও ঠিকমতো চলে না, প্রচুর পরিমাণে অজৈব পদার্থ মিশ্রিত থাকে, সারের বাজারও সেইমতো তৈরি হয়ে ওঠেনি, সেইমতো প্রচেষ্টাও নেই।



ধাপাতে যে আবর্জনার স্তুপ আছে, বা যেখানে নিয়মিত আবর্জনা ফেলা হয় তা থেকে যেমন বায়ুদূষণ ঘটে, তেমনই চুঁইয়ে চুঁইয়ে আবর্জনা স্তুপের বিষাক্ত রাসায়নিক পদার্থ আশপাশের অঞ্চলের জলাশয়গুলি ক্রমাগত দূষিত করে চলেছে, জমা জঞ্জালের স্তুপ থেকে মিথেন নির্গত হয়ে বাতাসের সাথে মিশে যাচ্ছে ও বিশ্ব-উষ্ণায়নে সহযোগিতা করে চলেছে।

বিশ্বের সবচেয়ে দূষিত শহরের তালিকার শীর্ষে রয়েছে ভারতের রাজধানী নয়াদিল্লি। এছাড়া, তালিকার সেরা দশে রয়েছে দেশটির আরও দু'টি শহর- কলকাতা ও মুম্বাই। এয়ার কোয়ালিটি ইনডেক্স (AQI) দিল্লির স্কোর 527। 161 স্কোর নিয়ে কলকাতা পঞ্চম ও 153 স্কোর নিয়ে মুম্বাই রয়েছে নবম স্থানে (November, 2019)

পরিশেষে বলা যায় যে শুধুমাত্র আইন করে কখনোই এই দূষণ রোধ সম্ভব নয়। আমাদের সকলক সচেতন হতে হবে ও একজন দায়িত্বশীল নাগরিকের মত নিজেদের কর্মকাণ্ড ও দায়িত্ব সম্পর্কে অবগত হতে হবে। তবেই হয়ত আমরা আমাদের শহর আমাদের তিলোত্তমাকে সুস্থ রাখতে পারব এবং সর্বোপরি আমরা সুস্থ থাকতে পারব।

বিশ্বরক্ষাণের অবিস্মরণীয় রূপরেখা

--নিবেদিতা চৌধুরী

ষষ্ঠ সেমিস্টার

ভূগোল বিভাগ

হীরালাল মজুমদার কলেজ ফর উইমেন

“মহাবিশ্বে মহাকাশে মহাকাল-মারে

আমি মানব একাকী ভ্রমি বিস্ময়ে, ভ্রমি বিস্ময়ে।।”

-রবীন্দ্রনাথ ঠাকুর

গ্রহ-উপগ্রহসহ এই সৌরজগৎ মহাবিশ্বের অংশবিশেষ। রাতের আকাশে আমরা যে অগণিত নক্ষত্রপুঞ্জকে দেখি, তাদের আছে ভর, আয়তন, তাপমাত্রা ও আভ্যন্তরীণ নানা বৈচিত্র্য। কোটি কোটি নক্ষত্র নিয়ে একটি নক্ষত্রমণ্ডল বা গ্যালাক্সি। আর অগণিত গ্যালাক্সি নিয়ে এই বিশ্বরক্ষাণ। জ্যোতির্বিজ্ঞানীদের মতে, এই বিশ্বরক্ষাণ প্রায় 100 বিলিয়ন গ্যালাক্সি নিয়ে গঠিত যেখানে প্রতিটি গ্যালাক্সিতে গড়ে প্রায় 100 বিলিয়ন করে নক্ষত্র বিরাজমান।

এই প্রসঙ্গে প্রথমে পৌরাণিক জগৎ ঘুরে আসি।

প্রাচীনকালে মানুষ আকাশের এই তারা বা নক্ষত্রের পুঞ্জকে বিভিন্ন কাল্পনিক চরিত্রের আকৃতি দিয়েছিল। সমগ্র আকাশের নক্ষত্রদের প্রায় ৪৪টি তারামণ্ডলে ভাগ করা হয়েছিল, যার মধ্যে Orion বা কালপুরুষ অন্যতম। প্রাচীন গ্রিক, মিশরীয়, রোমান, আরব বিভিন্ন সভ্যতাকে বিভিন্নভাবে প্রকাশ করা হয়েছে। ‘Orion’ নামটি এসেছে গ্রিক পুরাণ থেকে, যার অর্থ হল শিকারী। গ্রিক পুরাণে গ্রিকদেবী আর্টেমিস ও তার শিকারের সঙ্গী Orion তথা কালপুরুষের অমর প্রেমকাহিনী ও তার বিশ্বদময় পরিসমাপ্তি লিপিবদ্ধ আছে। যাই হোক, ‘কালপুরুষ’ তারামণ্ডল পূর্বাকাশের একটি অতি পরিচিত নক্ষত্রমণ্ডল, যা পৌষ-মাঘ মাসে সন্ধ্যারাত্রে দেখা যায়। কালপুরুষের ডান কাঁধে রয়েছে উজ্জ্বল লাল বর্ণের নক্ষত্র **আর্দ্রা**, বাম কাঁধে রয়েছে **কার্তিকেয়**, ডান পায়ে **কার্তবীৰ্য** ও বাম পায়ে **বাণরাজা**। কোমরে সরলরেখায় পরপর আছে **ঊষা**, **অনিরুদ্ধ** ও **চিত্রলেখা**। কোমর থেকে কিছুটা



নীচে রয়েছে Orion Nebula(M42)। কালপুরুষের পায়ের নীচে রয়েছে তার বিশ্বস্ত দুই কুকুর-Canis Major ও Canis Minor। Canis Major এর উজ্জ্বলতম নক্ষত্র হল লুব্ধক(Sirius), যা রাতের আকাশে সবচেয়ে উজ্জ্বলতম নক্ষত্র এবং Canis Minor এর উজ্জ্বলতম নক্ষত্র হল প্রভাস(Procyon), যা রাতের আকাশে অষ্টম উজ্জ্বল নক্ষত্র।



Orion বা কালপুরুষ



আর একটি উল্লেখ্যযোগ্য তারামণ্ডল হল ‘সপ্তর্ষিমণ্ডল’, যা মূলতঃ উত্তরাকাশে দেখা যায় এবং এটি সারাবছর ধ্রুবতারার চারদিকে ঘোরে। ভারতীয় পৌরাণিক কাহিনী মতে **ক্রতু, পুলহ, পুলস্ত্য, অত্রি, অঙ্গিরা, বশিষ্ঠ ও মরীচি**-এই সাতজন ঋষিকে বলা হয় **সপ্তর্ষিমণ্ডল** ‘সপ্তর্ষি’। ভারতীয় জ্যোতির্বিজ্ঞানীরা এই সপ্তর্ষিকে নিয়ে সপ্তর্ষিমণ্ডল কল্পনা করেছিলেন।



ফিরে এলাম বিশ্বব্রহ্মাণ্ড সংক্রান্ত বৈজ্ঞানিক পটভূমিকায়। প্রাথমিক পর্যায়ে এই ব্রহ্মাণ্ড উত্তপ্ত ঘন অগ্নিপিশের গোলক ছিল, যা থেকে নির্গত গ্যাস প্রসারিত ও ঘনীভূত হয় এবং অবশেষে একটি স্থানে আবদ্ধ হয়ে মূল গ্যালাক্সি বা প্রোটোগ্যালাক্সিতে পরিণত হয়। কোটি

কোটি বছর ধরে প্রোটোগ্যালাক্সিগুলি আরও ঘনীভূত হয়ে বড়ো গ্যালাক্সিতে পরিণত হয় এবং এর মধ্যে অসংখ্য নক্ষত্রের জন্ম হয়। বিশ্বব্রহ্মাণ্ডের প্রতিনিয়ত প্রসারণ সত্ত্বেও অভিকর্ষজ টানে মহাজাগতিক বস্তুগুলি নিজ নিজ জায়গায় স্থিত আছে। আমাদের সূর্য কোটি কোটি নক্ষত্র নিয়ে যে নক্ষত্রজগতে আছে, তাকে বলা হয় ‘ছায়াপথ নক্ষত্রমণ্ডল’ বা ‘Milkyway Galaxy’, এর দৈর্ঘ্য বা প্রস্থ প্রায় 1,00,000 আলোকবর্ষ। কেন্দ্রীয় অঞ্চলের উচ্চতা প্রায় 20,000 আলোকবর্ষ। ছায়াপথ নক্ষত্রমণ্ডলের কেন্দ্র থেকে প্রায় 30,000 আলোকবর্ষ দূরে সূর্য অবস্থিত। আর এর সঙ্গীর মধ্যে একটিকে বলা হয় বড়ো ম্যাগেলিনের মেঘ ও অপরটি হল ছোট ম্যাগেলিনের মেঘ। পৃথিবীর দক্ষিণ গোলার্ধে এদের স্পষ্ট দেখা যায়। পৃথিবী থেকে এদের দূরত্ব প্রায় 1,50,000 আলোকবর্ষ।



এছাড়া আর কী আছে ব্রহ্মাণ্ডে? আছে এককনক্ষত্র, জোড়া নক্ষত্র, লাল দানব, শ্বেত বামন, নিউট্রন নক্ষত্র, কৃষ্ণ গহ্বর, কোয়াসার, পালসার, অসংখ্য উল্কাপিণ্ড, অগণিত ধূমকেতু ও বেশ কিছু সংখ্যক নীহারিকা প্রভৃতি। আমাদের গ্যালাক্সি থেকে সুদূরতম নাক্ষত্রিক বস্তু কোয়াসারের দূরত্ব প্রায় 1,600 কোটি আলোকবর্ষ। এই কোয়াসার প্রায় 1,17,000 মাইল/সেকেণ্ড বেগে আমাদের কাছ থেকে দূরে সরে যাচ্ছে। পালসারের অবস্থান সৌরমণ্ডল থেকে অনেক দূরে। প্রথম আবিষ্কৃত পালসারটি পৃথিবী থেকে প্রায় 100 আলোকবর্ষ দূরে আছে। নীহারিকা দেখতে ছোট ছোট মেঘের মতো। এরা কঠিন বস্তুর সূক্ষ্ম সূক্ষ্ম কণামিশ্রিত গ্যাসীয় পদার্থে গঠিত নানা আকার ও আকৃতির অত্যন্ত লঘু বস্তুপিণ্ড। ব্রহ্মাণ্ডের কোন কোন জায়গায় গুচ্ছের ন্যায় একাধিক গ্যালাক্সি থাকে, তাদের ‘Cluster of Galaxies’ বলে। এদের মধ্যে আশ্চর্যময় প্রচুর নিষ্প্রভ বস্তু ও নক্ষত্র বিরাজমান। এই নিষ্প্রভ বস্তুগুলি হল-নিরুত্তাপ পাথর, নিভে যাওয়া নক্ষত্র, মহাজাগতিক গ্যাসীয় মেঘ অথবা Black Hole। এছাড়া আয়নিত হাইড্রোজেন পরমাণু অথবা পারমাণবিক কণা নিউট্রিনো থাকতে পারে। আধুনিক বিজ্ঞানীদের মতে, ব্রহ্মাণ্ডের যাবতীয় বস্তু বিশেষ এক ধরনের কণা ‘কোয়ার্ক’ দিয়ে সৃষ্ট।

ব্রহ্মাণ্ডের নক্ষত্রদের আবার তাদের উজ্জ্বলতা অনুযায়ী শ্রেণীবিভাগ করা হয়েছে-সূর্য অস্ত্র যাওয়ার পর সর্বপ্রথম যে নক্ষত্রগুলি দেখা যায়, তারা হল ‘প্রথম প্রভার নক্ষত্র’। এর পরের নক্ষত্রগুলিকে বলা হয় ‘দ্বিতীয় প্রভার নক্ষত্র’। তারপর পরপর বিভিন্ন প্রভার নক্ষত্রে আকাশ ভরে যায়। সবচেয়ে ক্ষীণ নক্ষত্রগুলিকে ‘ষষ্ঠ প্রভার নক্ষত্র’ বলা হয়। নক্ষত্রের উজ্জ্বলতা তার পৃষ্ঠদেশের উষ্ণতা বা তাপমাত্রার উপর নির্ভর করে। জ্যোতির্বিজ্ঞানে প্রথম প্রভার নক্ষত্রগুলির ঔজ্জ্বল্য ষষ্ঠ প্রভার নক্ষত্রগুলি অপেক্ষা 100 গুণ বেশী অনুমান করা হয়। এই প্রভাকে বলা হয় ‘দৃষ্ট প্রভামান’। দুটি দৃষ্ট প্রভামানের মধ্যে পার্থক্য হয় প্রায় 2.512 গুণ। যাদের ঔজ্জ্বল্য প্রথম প্রভা থেকে 2.512 গুণ বেশী, তাদের প্রভামান 0 এবং যাদের ঔজ্জ্বল্য এদের থেকে 2.512 গুণ বেশী, তাদের মান -1 ধরা হয়। আমাদের সূর্যের প্রভামান হল -26.72 মানের।

মজার কথা, সূর্য-তারাদেরও আছে বাল্য, কৈশোর, যৌবন ও বার্ধক্য। নক্ষত্রের জীবনের পর্যায়কাল ও মোট আয়ুষ্কাল তার জন্মসময়ের মোট ভরের উপর নির্ভরশীল। আকাশে আমরা বিভিন্ন বয়সী, বিভিন্ন চেহারার নক্ষত্রদের একসঙ্গে দেখতে পাই। বার্ধক্য পর্যায়ে যখন নক্ষত্রের সব হাইড্রোজেন নিঃশেষ হয়ে সংকুচিত হয়ে পড়বে, তখন কেন্দ্রে অভিকর্ষজাত স্থিতিশক্তিঘটিত তাপ ও বাইরের স্তরে হাইড্রোজেন জ্বালানী থেকে নিউক্লীয় তাপ উৎপন্ন হবে। এই দুইরকম তাপশক্তিতে নক্ষত্রটি ক্রমে স্ফীত হয়ে কেন্দ্রচ্যুত কমঘনত্ববিশিষ্ট একটি বিশাল নক্ষত্রে পরিণত হবে। বাইরের প্রসারণের ফলে পৃষ্ঠের



তাপমাত্রা কমে গিয়ে লাল বর্ণের দৃশ্যমান হয়।এরাই হল ‘লাল দানব’ বা ‘Red Giant’।এটি হল প্রকৃতপক্ষে বুড়ো নক্ষত্র,এইসময় এটি হয় মৃত্যু পথযাত্রী নক্ষত্র এবং দ্রুত মহাকর্ষীয় সংকোচন শুরু হয়।

কোন নক্ষত্রের ভরের উপর তার জ্বালানী খরচের হার নির্ভর করে।ভর বেশী হলে তার জ্বালানী দ্রুত হারে পুড়ে যায় ও নক্ষত্রটির জীবন হয় স্বল্প সময়ের।নতুন করে কোন শক্তির উদ্ভব হয় না।তখন নক্ষত্রটি আয়তনে হয় খুব ছোট আর ঘনত্ব হয় অত্যন্ত বেশী।প্রথম প্রভার নক্ষত্র অপেক্ষা অত্যন্ত ক্ষুদ্র হওয়ায় বিকিরণের তুলনায় উজ্জ্বলতা অনেক বেশী হয়ে থাকে।এদের বলা হয় ‘শ্বেত বামন’ বা ‘White Dwarf’।মহাকাশে সূর্যের 35 আলোকবর্ষ পরিধিতে প্রায় 300টি নক্ষত্র আছে,এদের মধ্যে শ্বেতবামন আছে 7টি।তাই ধরে নেওয়া হয়,এই বিশাল ব্রহ্মাণ্ডে শতকরা মাত্র 2-3টি শ্বেতবামন বিরাজমান।শ্বেতবামন তার জন্মলগ্নে যে শক্তি লাভ করে,তা ক্রমে বিকিরণ করে শীতল কৃষ্ণ বামনে পরিণত হয় এবং মহাকাশে অদৃশ্যরূপে বিরাজ করতে থাকে।এমত অবস্থায় এর প্রকৃতি সাধারণ গ্রহের ন্যায় হয়ে থাকে।

যখন দুটি নক্ষত্র পরস্পর খুব কাছাকাছি চলে আসে,তখন মাধ্যাকর্ষণজনিত কারণে একটির গতিশক্তি অপরটিতে স্থানান্তরিত হয় এবং এই অবস্থায় অধিক গতিশক্তিসম্পন্ন নক্ষত্র পেয়ে যাবে মুক্তিবৈগ (Escape Velocity),তখন সে তার গ্যালাক্সির মাধ্যাকর্ষণ উপেক্ষা করে বাইরে বেরিয়ে আসে।এইভাবে নক্ষত্রটি যখন তার 90% ভর হারিয়ে ফেলে,তখন অবশিষ্ট বস্তুসামগ্রী নিজস্ব মাধ্যাকর্ষণের টানে কেন্দ্রীয় অঞ্চলে পুঞ্জীভূত হয় এবং অবশেষে সৃষ্টি হয় অতিভরবিশিষ্ট ‘কৃষ্ণ গহ্বর’ বা ‘Black Hole’।এর মহাকর্ষজ টান এত বেশী হয় যে আলোকে পর্যন্ত এরা শোষণ করে নিতে পারে।আর দ্বিতীয় যে নক্ষত্রটি তার গতিশক্তি হারিয়ে ফেলেছে,সেটি গ্যালাক্সির মাধ্যাকর্ষণের টানে গ্যালাক্সির কেন্দ্রাঞ্চলে আছড়ে পড়ে।একে বলা হয় ‘গ্যালাক্সির বাষ্পীভবন’ বা ‘Galactic Evaporation’।

যাই হোক,বিজ্ঞানীদের মতে কৃষ্ণ গহ্বর থেকে তার ভরের ব্যস্তানুপাতিক হারে শক্তি নির্গত হয়ে থাকে।এইভাবে ভর যত কমতে থাকে,শক্তি ততই দ্রুতহারে বেরিয়ে আসতে থাকে।অনুমান করা হয়,অতিকায় কৃষ্ণ গহ্বরের অস্তিত্ব শেষ হতে লাগবে প্রায় 10^{100} বছর।তখন ব্রহ্মাণ্ডে এখনকার মত কোন নক্ষত্রজগৎ থাকবে না!

এবার অজানা বিস্ময়ের সন্ধানে.....




আমাদের নক্ষত্রমণ্ডলে কিছু কিছু তারাদের উজ্জ্বলতা পৃথিবীর চেয়েও কম, কিছু কিছু চাঁদের সমআকৃতির, কিছু কিছু সূর্য অপেক্ষা কয়েক মিলিয়নগুণ উজ্জ্বলতর হয়ে থাকে এবং কিছু শনির সমগ্র কক্ষপথের সমতুল্য বৃহদাকৃতির হয়ে থাকে। কিন্তু এখন প্রশ্ন হল, সূর্য যদি কখনো এই তারাগুলির সাথে স্থান পরিবর্তন করে, তাহলে পৃথিবী থেকে এদের দেখতে কেমন লাগে?

সাধারণতঃ অধিক ভরের তারার জীবনকাল ক্ষুদ্র সময়কালব্যাপী হয়ে থাকে। আবার, উষ্ণতর নক্ষত্রের নীল ও শীতলতর নক্ষত্রের লাল বর্ণের হয়ে থাকে। এবার মনে হতে পারে, তাহলে আমাদের সূর্য উষ্ণ হওয়া সত্ত্বেও লাল বর্ণের দেখায় কেন? মজার কথা, আমাদের সূর্য লাল বর্ণেরও নয় ও মহাবিশ্বের উষ্ণতর নক্ষত্রও নয়! এটি প্রকৃতপক্ষে একটি পীতবামন, যার পৃষ্ঠ উষ্ণতা মাত্র $5,504.85^{\circ}\text{C}$ এবং এটি অপেক্ষাকৃত দ্বিগুণ ভরসম্পন্ন ও প্রায় $9,666.85^{\circ}\text{C}$ উষ্ণতার Sirius A নক্ষত্র অপেক্ষাও শীতলতর। এই কারণে Sirius A নীল বর্ণের হলেও সূর্য কিন্তু পীত বর্ণের। আসলে সূর্য আমাদের পৃথিবীর অনেক নিকটে অবস্থান করায় এর উত্তাপ অধিক পেয়ে থাকি। সাম্প্রতিককালে বিজ্ঞানীরা একটি অতিক্ষুদ্র শ্বেতবামন ZTF J1901+1458 আবিষ্কার করেছেন, যেটি আকৃতিতে প্রায় $4,300\text{ km}$. প্রশস্ত ও প্রায় $45,700^{\circ}\text{C}$ উষ্ণ এবং চাঁদ অপেক্ষা সামান্য বড়। আশ্চর্যের বিষয়! এটি আমাদের পীতবামন সূর্য অপেক্ষা প্রায় 35% অধিক ভরসম্পন্ন যা একটি 5.5 টন হাতির সমতুল্য। এই শ্বেতবামন মাত্র 7 মিনিটে 360° ঘূর্ণন সম্পূর্ণ করে, যেটি আমাদের পৃথিবী থেকে প্রায় 200 গুণ দ্রুততর। যদিও শ্বেতবামনের অধিকৃত এলাকা সাধারণতঃ যথেষ্ট উজ্জ্বল ও চারপাশ যথেষ্ট আলোকিত হয়ে থাকে, তবে বেশীদূর পর্যন্ত এদের আলো বিচ্ছুরিত হয় না। যেহেতু ZTF J1901+1458 এর আলো শুধুমাত্র পৃথিবী পর্যন্তই পৌঁছাতে পারে, এর বিপজ্জনক ফলস্বরূপ প্রবল মহাকর্ষীয় শক্তির কারণে পৃথিবীতে চিররাত্রি ঘনিয়ে আসতে পারে। কালান্তরে শ্বেতবামন আরও শীতল ও ক্রমশঃ ক্ষীণ আলো বিকিরণের ফলে সমগ্র পার্থিব জলভাগের বরফে পরিণত হয়ে যাবে, উষ্ণ শক্তির তেজস্ক্রিয় বিকিরণের ফলে সমগ্র পৃথিবী শুক্রে ন্যায় বিবর্তিত হবে ও বায়ুমণ্ডল শুধু CO_2 পূর্ণ থাকবে।

আচ্ছা, এবার যদি শ্বেতবামন অপেক্ষা বৃহত্তর নক্ষত্রের সাথে সূর্যের স্থানান্তর ঘটে, তাহলে কী ঘটবে?

hd140283 বা Methuselah হল সূর্য অপেক্ষা প্রায় 1.7 গুণ বৃহত্তর নক্ষত্র, যার ভর প্রায় 0.8 সৌরভর ও সূর্যের চেয়ে প্রায় 5 গুণ অধিকতর উজ্জ্বল। এটি এখনও পর্যন্ত আবিষ্কৃত সবচেয়ে প্রাচীন (প্রায় 16 বিলিয়ন বছর) পীত উপবামন, যদিও এই নিয়ে মতভেদ আছে।





R136a1 হল পূর্বাপেক্ষা একটি শিশু নক্ষত্র, এটি পরিধিতে সূর্য অপেক্ষা মাত্র 30 গুণ বৃহত্তর, কিন্তু এটি ব্রহ্মাণ্ডের অন্যতম উজ্জ্বল নক্ষত্র, যার উজ্জ্বলতা প্রায় 7.5000,000,000 সংখ্যক সূর্য ও ভর প্রায় 265টি সূর্যের সমান। যদি আমাদের সূর্যের সঙ্গে এর স্থানান্তর ঘটে, তাহলে রৌদ্রোজ্জ্বল দিনে উচ্চ আলোকরোধক সানগ্লাস ছাড়া বাইরে বেরোনো একেবারেই সম্ভব হবে না। দুঃখের বিষয়, এটির সর্বাধিক ভর, উষ্ণতা ও ঔজ্জ্বল্য থাকা সত্ত্বেও জীবনকাল ক্রমশঃ স্বল্পোত্তর।

ব্রহ্মাণ্ডের বৃহত্তর নক্ষত্র STEPHENSON 2-18 হল সবচেয়ে উজ্জ্বল লাল মহাদানব, যার পরিধি সূর্য অপেক্ষা প্রায় 2,150 গুণ বৃহৎ।

ভাবা যায়! যদি কোন কৃষ্ণ গহ্বর সূর্যকে গ্রাস করে?

J2157, সাম্প্রতিককালে দ্বিতীয় সর্ববৃহৎ ও শক্তিদ্র কৃষ্ণ গহ্বর যদি আমাদের সৌরজগতের নিকটে চলে আসে, তাহলে এর উচ্চমাত্রার মহাকর্ষীয় আকর্ষণে আমরা স্প্যাগেটি নুড়ুলের ন্যায় পরিবর্তিত হয়ে যেতে পারি বলে বিজ্ঞানীরা অনুমান করেছেন। এই ধরনের অধিক ভরসম্পন্ন দানবাকৃতির কৃষ্ণ গহ্বর সাধারণতঃ ছায়াপথের কেন্দ্রে লুকিয়ে থাকে এবং ধীরে ধীরে সৌরজগৎসম আকৃতির স্থান অধিকার করে নেয়। J2157 সবচেয়ে সবচেয়ে দ্রুতগতিসম্পন্ন ও আগ্রাসী কৃষ্ণ গহ্বর, এটি প্রতিনিয়ত ব্রহ্মাণ্ডের বস্তুসমূহকে (যা প্রত্যহ একটি সূর্যের সমান) গ্রাস করে চলেছে। যদিও এটি আমাদের থেকে প্রায় 12.5 বিলিয়ন আলোকবর্ষ দূরে আছে, তবে এই দানব যদি ছায়াপথ নক্ষত্রমণ্ডলের কেন্দ্রে চলে আসে, পৃথিবীবাসীর কাছে তা একটি পূর্ণচন্দ্র অপেক্ষা 10 গুণ উজ্জ্বলতররূপে প্রকাশিত হবে, এটি ক্রমশঃ সূর্য থেকে বস্তু-উপাদান গ্রাস করতে থাকবে যতক্ষণ না পর্যন্ত সূর্যভ্যন্তরস্থ সকল উপাদান গ্যাসীয় মেঘে পরিণত হবে। ফলত সূর্যগ্রাসের ফলে সৃষ্ট জোয়ারী বলের প্রভাবে পৃথিবী খণ্ডাংশে পরিণত হবে অথবা পৃথিবীতে অকল্পনীয় প্রাণঘাতী মহাজাগতিক বিকিরণ হামলে পড়বে।

এ ত গেল নক্ষত্রদের কথা.....এবার আসি আমাদের পৃথিবী প্রসঙ্গে।

আজ থেকে প্রায় 4.5 বিলিয়ন বছর আগে Theia নামের একটি গ্রহের সঙ্গে পৃথিবীর সংঘর্ষ ঘটে, পরিণামে সৃষ্টিকালে পৃথিবী তার কক্ষপথে শিলাপাথরের বলয়বেষ্টিত ছিল। তবে এই শিলাপাথরগুলি শীঘ্রই বিভিন্ন মহাজাগতিক উপাদানে পরিণত হয়, যার একটি হল চাঁদ। কিন্তু, যদি আমাদের পৃথিবীর শনির ন্যায় বলয় থাকত, তাহলে কী হতো?



সম্প্রতি পৃথিবীর বিভিন্ন স্থান থেকে ইতিমধ্যে বলয়ের ন্যায় প্রতিচ্ছবি আকাশে দেখা যাচ্ছে। আপাতদৃষ্টিতে মানুষ একে প্রাকৃতিক সৌন্দর্য্যরূপে কল্পনা করলেও, প্রকৃতপক্ষে এটি পৃথিবীর চারদিকে ঘূর্ণায়মান কিছু ধূলিকণা ও পাথরের ভগ্নাংশবিশেষ, যা মূলতঃ বিভিন্ন গ্রহাণু ও অ্যাস্টেরয়েডের ধ্বংসাবশেষ। তবে, চাঁদ ও অন্যান্য মহাজাগতিক বস্তুগুলি যদি ভবিষ্যতে কখনো তাদের Roche Limit (নক্ষত্র, গ্রহ ও অন্যান্য মহাজাগতিক অস্তিত্বের মধ্যবর্তী দূরত্ব) অতিক্রম করে, তাহলে পৃথিবীপৃষ্ঠের সঙ্গে সংঘর্ষে ছোট-ছোট টুকরোয় খণ্ডিত হবে এবং বলয় গঠন করতে পারে। ফলত উদ্ভিদজগতের সালোকসংশ্লেষ প্রক্রিয়া ও বায়ুমণ্ডলে O_2 সরবরাহ বিঘ্নিত হবে। পৃথিবীর চারপাশে বলয়গত ছায়ার কারণে সূর্যরশ্মি পরিমিত পরিমাণে প্রবেশ করতে না পারায় পৃথিবীব্যাপী অন্ধকারাচ্ছন্ন শীতল অবস্থা বিরাজমান থাকবে এবং পৃথিবীতে নতুন কোন প্রাণের সঞ্চার ঘটা অসম্ভব হয়ে পড়বে।

পরিশেষে বলা বাহুল্য, শুধু মনুষ্যজগৎই নয়, সমগ্র বিশ্বব্রহ্মাণ্ডেও আছে এক পরিবার; যেখানে আছে নানান রঙ, বৈচিত্র্য, পারস্পরিক টান, দ্বন্দ্ব, নির্ভরশীলতা ও ঐক্যের এক অপূর্ব মেলবন্ধন। ঠিক যেন একই সূত্রে গাঁথা, যার একটির স্বলনে সমগ্র ব্রহ্মাণ্ডের ভিত কম্পিত হয়ে ওঠে। এই পারিবারিক আবদ্ধে রবীঠাকুর তাই বলেছেন-

“যেখানে জ্বলিছে সূর্য, উঠিছে সহস্র তারা,
প্রজ্বলিত ধূমকেতু বেড়াইছে ছুটিয়া।
অসংখ্য জগৎযন্ত্র, ঘুরিছে নিয়মচক্রে
অসংখ্য উজ্জ্বল গ্রহ রহিয়াছে ফুটিয়া।।”



বিশ্বপ্রকৃতির ক্যানভাস : 'ছিন্নপত্র'

--পর্ণা মণ্ডল

স্টেট এইডেড কলেজ টিচার, বাংলা বিভাগ

হীরালাল মজুমদার মেমোরিয়াল কলেজ ফর উইমেন, দক্ষিণেশ্বর

